# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০০৮.১২-৪৭০ তারিখঃ ২৪ শ্রাবণ ১৪১৯ / ০৮ আগস্ট ২০১২

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০১২-২০১৩ অর্থ বছরে সরকারি অনুদানে চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব আহবান।**

জাতীয় ঐতিহ্য ও আদর্শ সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও চেতনা সমৃদ্ধ, মানবিক মূল্যবোধ সম্পন্ন, জীবন ও সমাজধর্মী বিষয় বা ঐতিহাসিক ঘটনা অথবা অন্য যে কোন বিষয়ের উপর শিল্পমান সমৃদ্ধ চলচ্চিত্র নির্মাণের জন্য ২০১২-২০১৩ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনী ও চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রযোজক/পরিচালক/চলচ্চিত্র নির্মাতা/চলচ্চিত্র ব্যক্তিত্ব/সংশ্লিষ্ট বিষয়ে পেশাদার প্রতিষ্ঠান/লেখক/চিত্রনাট্যকারদের নিকট থেকে মূল কাহিনীসহ চিত্রনাট্য, চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনা এবং শিল্পী ও কলাকুশলীদের তালিকাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব (১০ সেট) আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী ও সুযোগ সুবিধাঃ**

১. কেবলমাত্র বাংলাদেশের নাগরিক অনুদান প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোন বিদেশী শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয় তাহলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবে।
২. নির্মাণাধীন, সমাপ্ত বা মুক্তিপ্রাপ্ত কোন চলচ্চিত্রের চিত্রনাট্য অনুদানের জন্য বিবেচিত হবে না।
৩. অনুদানে নির্মিত/নির্মিতব্য চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবে- এ **মর্মে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের স্টাম্পে একটি অঙ্গীকারপত্র** দিতে হবে। এ ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট প্রযোজকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
৪. প্রতি অর্থবছরে প্রাপ্ত বরাদ্দের আলোকে সর্বোচ্চ ৫ (পাঁচ)টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রকে অনুদান প্রদানের জন্য বিবেচনা করা হবে; তবে বিশেষ ক্ষেত্রে এ সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। তন্মধ্যে কমপক্ষে ১ (এক)টি হবে শিশুতোষ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। অনুদান প্রদানের ক্ষেত্রে সাহিত্য নির্ভর গল্প ও চিত্রনাট্যকে অগ্রাধিকার দেয়া হবে।
৫. তবে কোন বছর প্রয়োজনীয় সংখ্যক ও উপযুক্ত প্রস্তাব না পাওয়া গেলে সে বছরের অনুদান প্রদান বন্ধ অথবা অনুদান প্রদানের সংখ্যা কমানো যাবে।
৬. প্রস্তাবিত গল্প ও চিত্রনাট্য শিশুতোষ না সাধারণ শাখা তা আবেদনে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং গল্প লেখক/কাহিনীকারের সম্মতিপত্র সংযুক্ত করতে হবে।
৭. অনুদান প্রদানের পরও সরকার যে কোন যুক্তিসঙ্গত শর্ত আরোপ করতে পারবে।
৮. আর্থিক অনুদান ছাড়াও প্রতিটি চলচ্চিত্র নির্মাণের জন্য বিনা মূল্যে সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মূল্যমানের এফডিসি'র সার্ভিস/সেবা প্রদান করা হবে, যা কোনক্রমেই নগদায়ন করা যাবে না এবং বিএফডিসি প্রদত্ত সেবা ব্যতীত অন্যকোন সেবা/সহায়তায় রূপান্তরযোগ্য নয়। অনুদানপ্রাপ্ত ছবি নির্মাণে এফডিসি অগ্রাধিকার প্রদান করবে। শিল্পীদের সিডিউল প্রাপ্তির জন্য চলচ্চিত্রের সঙ্গে জড়িত সমিতিসমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
৯. অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত এবং অনুমোদিত চলচ্চিত্রের প্রযোজক-কে অনুদান নীতিমালার শর্তাবলীর আওতায় অনুদান প্রদান করা হবে। এ ক্ষেত্রে চলচ্চিত্র অনুদান কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১০. নীতিমালা অনুযায়ী অনুদানের জন্য বাছাইকৃত কাহিনীর লেখক ও চিত্রনাট্যকার (হারাহারিভাবে) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত উৎসাহ পুরস্কার পেতে পারেন।
১১. প্রস্তাব উত্থাপনকালে প্রস্তাবক/প্রযোজক/পরিচালক/চিত্রনাট্যকারের স্পষ্টাক্ষরে পূর্ণ নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল ও টেলিফোন নম্বর প্রস্তাবের সাথে উল্লেখ করতে হবে। অন্যথায় প্রস্তাব বিবেচনা করা হবে না।
১২. অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য ও চলচ্চিত্র নির্মাণের সঠিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাবের প্রতিটির ১০ (দশ) কপি করে জমা দিতে হবে।
১৩. নীতিমালা অনুযায়ী ৯ (নয়) মাসের মধ্যে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। তবে বিশেষ অবস্থার প্রেক্ষিতে স্ক্রীপ্টের প্রয়োজনে সরকার উক্ত সময় বৃদ্ধি করতে পারবে।
১৪. একই প্রযোজক/পরিচালককে দুইবারের বেশি অনুদান প্রদান করা হবে না।
১৫. প্রযোজ্য ক্ষেত্রে প্রথমবার অনুদান প্রদানের কমপক্ষে তিন বছর পর ২য় বার অনুদান প্রদান করা হবে।
১৬. অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য এবং চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব ৩০ সেপ্টেম্বর ২০১২ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে তথ্য মন্ত্রণালয়ের চলচ্চিত্র শাখায় পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন প্রস্তাব/দরখাস্ত গ্রহণ করা হবে না।
১৭. আলোচ্য সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**জিএন নজমুল হোসেন খান**
উপ-সচিব (চলচ্চিত্র)
ফোন- ৭১৬০৪৬৩

জিডি-৩২৩৩

# Chittagong University of Engineering & Technology

Chittagong-4349, Bangladesh

## Invitation for Tenders (IFT)

| | | |
|---|---|---|
| 1 | Ministry/Division | Ministry of Education. |
| 2 | Agency | University Grants Commission. |
| 3 | Procuring entity name | Chittagong University of Engineering & Technology. |
| 4 | Procuring entity district | Chittagong. |
| 5 | Invitation for | Procurement of works. |
| 6 | Invitation Ref. No. & date | CUET/Engg/2012-2013/T-04. Date-10/08/2012. |
| 7 | Procurement method | Open Tendering Method (OTM). |
| 8 | Budget and source of funds | GOB. |
| 9 | Tender package No. | PW-01, PW-02, PW-07 |
| 10 | Tender publication date | 12/08/2012 |
| 11 | Tender last selling date | 03/09/2012 |
| 12 | Tender closing date & time | Date- 05/09/2012, Time- 01.00pm |
| 13 | Tender opening date & time | Date- 05/09/2012, Time-02.30pm |
| 14 | **Name & address of the office(s):** | |
| | Selling tender document (principal) | Engineering Office & Comptroller Office, CUET, Chittagong-4349. (Except govt. holidays and weekly holidays Friday & Saturday). |
| | Selling tender document (others) | Engineer's Institution, S.S. Khaled Road, Chittagong. (28/08/2012 & 30/08/2012, Time-02.30pm to 05.00pm). |
| | Receiving tender document | a) Engineering Office & Comptroller Office, CUET, Chittagong-4349. Up to Date: 05/09/2012, Time: 01.25pm. b) Engineer's Institution, S.S. Khaled Road, Chittagong. Date: 05/09/2012, Time: 09.00am to 12.00 noon. c) Tenders can be delivered by hand, mail & courier services within due date & time. |
| | Opening tender document | Office of the Chief Engineer, CUET, Chittagong-4349. |
| 15 | Place/date/time of pre-tender meeting | Office of the Chief Engineer, CUET, Chittagong-4349. Date: 02/09/2012, Time: 11.00am. |
| 16 | Eligibility of tenderer | Enlisted at any government, semi-government or autonomous body. |
| 17 | Brief description of goods and works: | |

| Package No. | Identification of package | Location | Price of tender document in Taka | Tender security amount in Taka | Completion time |
|---|---|---|---|---|---|
| PW-01 2012-13 | Maintenance of Toilet Block of Admin Building (GF & 2nd F) (Re-Tender) | CUET | 300.00 (three hundred) taka only | 5,000.00 five thousand taka only | 30 (thirty) days |
| PW-02 2012-13 | Maintenance of Toilet of Pre-Engg. Building 1st Floor (East Side) (Re-Tender) | CUET | 300.00 (three hundred) taka only | 8,000.00 eight thousand taka only | 30 (thirty) days |
| PW-07 2012-13 | Maintenance of Dr. QK Hall Canteen Roof (Canteen-1) | CUET | 500.00 (five hundred) taka only | 17,000.00 seventeen thousand taka only | 45 (forty-five) days |

| | | |
|---|---|---|
| 18 | Name of official inviting tender | Engineer Md. Serajul Islam. |
| 19 | Designation of official inviting tender | Chief Engineer, CUET, Chittagong-4349. |
| 20 | Address of official inviting tender | CUET, Chittagong-4349 Tel. 031-715584, Fax-031-715584, 031-714910 E-mail: chiefengineer@cuet.ac.bd |
| 21 | **This IFRT will be available in the website of → www.cuet.ac.bd.** | |
| 22 | The procuring entity reserves the right to except or reject any or all tenders. | |
| 23 | The price of tender document (non-refundable) should be paid by **Pay-Order/Bank Draft** in favour of **"Vice-Chancellor, CUET"** from any branch of **Sonali Bank Ltd. of Bangladesh**. | |

**Chief Engineer**
CUET, Chittagong-4349

GD-3190

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রত্নতত্ত্ব অধিদপ্তর
আঞ্চলিক পরিচালক অফিস
চট্টগ্রাম বিভাগ, মুক্তা মহল
নবাব বাড়ি চৌমুহনী, কুমিল্লা

নং- ৪৩.২৩.১৯৩৩.১২৯.০২৬.০০২.১২.৬৬৮ কুমিল্লা, তারিখঃ ৩০.০৪.১৪১৯ / ১৪.০৮.২০১২

## অকেজো গাড়ি বিক্রয় বিজ্ঞপ্তি

আঞ্চলিক পরিচালক অফিস, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা এর অকেজো জীপ গাড়ি নং-কুমিল্লা-ক-৭২৬৯, চেসিস নং- ১০১৯৪০, ইঞ্জিন নং-৭৯১৬৮০ "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/আগ্রহী ক্রেতাদের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, মুক্তা মহল, নবাব বাড়ি চৌমুহনী, কুমিল্লা এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক থেকে টাকা ৫০০/- (পাঁচশত) এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা করে বিজ্ঞপ্তির তারিখ হতে আগামী ০৯/০৯/২০১২ তারিখ রোজ রবিবার পর্যন্ত অফিস চলাকালে হিসাব শাখা হতে অকেজো গাড়ি বিক্রয়ের শর্তাবলী সম্বলিত সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। সিডিউল ক্রয় ব্যতীত কোন সিডিউল গ্রহণযোগ্য হবে না। সিডিউল ক্রয়ের পর অফিস চলাকালীন সময়ে দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষে মনোনীত ব্যক্তি অত্র অফিসের গাড়ির গ্যারেজে গাড়িটি দেখতে পারবেন। দরপ্রস্তাবের সঙ্গে উদ্ধৃত মূল্যের ১০% বায়নার টাকা (আর্নেস্টমানি) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, মুক্তা মহল, নবাব বাড়ি চৌমুহনী, কুমিল্লা এর অনুকূলে দাখিল করতে হবে। দরপত্র দাখিলের জন্য দরপত্র বাক্সে আঞ্চলিক পরিচালক অফিস, মুক্তা মহল, নবাব বাড়ি চৌমুহনী, কুমিল্লা এর দপ্তরে রক্ষিত থাকবে। আগ্রহী দরদাতাগণ আগামী ১০/০৯/২০১২ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। উক্ত তারিখে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দুপুর ১২.৩০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

**মোঃ মিজানুর রহমান**
আঞ্চলিক পরিচালক (চঃ দাঃ)
ফোনঃ ৭৬২১১

জিডি-৩২৩৬

# বাংলাদেশ শিল্পকলা একাডেমী

সেগুনবাগিচা, রমনা, ঢাকা

বাশিএ/চারু (এশীয়-১৫)/২৫/২০১২/

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২. | প্রতিষ্ঠান/সংস্থার নাম | ঃ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, রমনা, ঢাকা। |
| ৩. | কাজের নাম | ঃ | ১৫তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ-২০১২ উপলক্ষে বিদেশ থেকে আগত শিল্পকর্ম ছাড় করানো এবং প্রদর্শনী শেষে ফেরত পাঠানোর জন্য কাস্টমস ক্লিয়ারিং এণ্ড ফরওয়ার্ডিং এজেন্ট নিয়োগ সংক্রান্ত। |
| ৪. | দরপত্র দলিলের মূল্য | ঃ | ৫০০/- (পাঁচশত) টাকা। |
| ৫. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ১০/০৯/২০১২খ্রীঃ বিকাল ৫.০০টা পর্যন্ত। |
| ৬. | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ঃ | ১১/০৯/২০১২খ্রীঃ বেলা ১২.০০টা পর্যন্ত। |
| ৭. | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ১১/০৯/২০১২খ্রীঃ বেলা ১২.৩০টায়। |
| ৮. | দরপত্র গ্রহণ ও খোলার অফিসের ঠিকানা | ঃ | সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, রমনা, ঢাকা এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে। |
| ৯. | দরপত্র বিক্রয়ের অফিসের ঠিকানা | ঃ | অর্থ, হিসাব ও পরিকল্পনা উপ-বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, রমনা, ঢাকা। |
| ১০. | দরপত্রদাতার যোগ্যতা | ঃ | ক) দরপত্রের সঙ্গে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এবং বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতার সার্টিফিকেট এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। খ) সরকারি অনুমোদনপ্রাপ্ত খ্যাতনামা ক্লিয়ারিং ফরওয়ার্ডিং প্রতিষ্ঠানসমূহ জামানতসহ সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে পারবেন। ইতোপূর্বে আন্তর্জাতিক পর্যায়ের কোন প্রদর্শনী/মেলায় ক্লিয়ারিং ফরওয়ার্ডিং এজেন্ট হিসেবে কাজ করেছেন তার অভিজ্ঞতা প্রমাণপত্র দরপত্রের সংগে দাখিল করতে হবে। |
| ১১. | জামানত/আর্নেস্টমানির বিবরণ | ঃ | দরপত্রের সংগে জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর অনুকূলে প্রদান করতে হবে। |
| ১২. | বিশেষ নির্দেশনা/শর্তাবলী | ঃ | ক) ১৫তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০১২ এর উদ্দেশ্য বিভিন্ন দেশ থেকে আগত শিল্পকর্মসমূহ হযরত শাহ্জালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, সমুদ্রবন্দর এবং স্থলবন্দরে পৌছার সংগে সংগে (সংশ্লিষ্ট সকল সরকারি আনুষ্ঠানিকতা সম্পন্নকরণসহ) ছাড় করিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমী/অথবা বাংলাদেশ শিল্পকলা একাডেমী কর্তৃক নির্দিষ্ট স্থানে পৌছাতে হবে এবং প্রদর্শনী শেষে শিল্পকর্মসমূহ স্ব-স্ব দেশে ফেরত পাঠাতে হবে। গ) কোন শিল্পকর্মসমূহের ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টকে বহন করতে হবে। শিল্পকর্ম ছাড় করানোর পূর্বে শিল্পকর্মের বাক্সে কোন প্রকার ক্ষতি দেখলে তাৎক্ষণিকভাবে তা একাডেমী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ঘ) নিয়োগপ্রাপ্ত এজেন্টের গাফলতির জন্য শিল্পকর্ম ছাড় করাতে বিলম্ব হলে সে জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমী হতে কোন প্রকার ডেমারেজ চার্জ প্রদান করা হবে না। ঙ) সকল দরপত্রের পরিবর্তন, পরিবর্ধন বা সম্পূর্ণ বাতিল করার অধিকার কর্তৃপক্ষ পূর্ণ সংরক্ষণ করেন। |

**মোঃ ইকবাল হোসেন**
উপ-পরিচালক
অর্থ, হিসাব ও পরিকল্পনা উপ-বিভাগ

জিডি-৩২০৯

# পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

## ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০১২/৮৬৪ তারিখঃ ০১-০৮-২০১২ইং

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার আওতাধীন কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১০-১১ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ১ম পর্ব পরীক্ষা-২০১১ (**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ১১-১১-২০১২**) এবং ২০০৮-০৯ ও ২০০৯-১০ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ২য় পর্ব পরীক্ষা-২০১০ ও ২০১১ (**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ১৪-১১-২০১২**) এর আবেদন ফরম পূরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, বড় বাজার শাখা, কুষ্টিয়ার চলতি হিসাব নং ০২০০০০১০৬৪০০৫ (ইবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে অথবা যে সমস্ত জায়গায় Online Banking-এর ব্যবস্থা নেই। সে সমস্ত মাদ্রাসা **রেজিস্ট্রার, ইসলামী** বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, চলতি হিসাব নং-১৮৬ এর অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে **অগ্রণী ব্যাংক ইবি শাখায় আদায়যোগ্য** টিটি-এর মারফত জমা দিতে হবে (টিটি করার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে অগ্রণী ব্যাংক ইবি শাখার মোবাইল নং, ০১৭১৮-৩৭৫২৯৬, ০১৭১৮-৮৬৯০৮৬, ০১৭১৭-৯৬৯৭৯৪, ০১৭১৭-৫১৩৩১৯ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)। অগ্রণী ব্যাংক, ইবি শাখা ব্যতীত অন্য কোন শাখার অনুকূলে টিটি করলে তা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন। তবে টাকা/টিটি জমার রশিদ আবেদনপত্রের সংগে জমা দিতে হবে। আবেদনপত্রসহ আনুসাঙ্গিক কাগজপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামী বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

**বিঃদ্রঃ সকল বর্ষের জন্য পৃথক পৃথক টাকা/টিটি'র মাধ্যমে জমা দিতে হবে। টাকা/টিটি'র রশিদ এর মূলকপির পিছনে অধ্যক্ষের সিল স্বাক্ষরসহ আবেদনপত্রের সংগে জমা দিতে হবে।**

**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখঃ কামিল স্নাতকোত্তর ১ম পর্ব ১১-১১-২০১২ ও কামিল স্নাতকোত্তর ২য় পর্ব ১৪-১১-২০১২।**

**১. আবেদন ফরম গ্রহণ ও জমা সংক্রান্ত নির্দেশাবলীঃ**

| ক্রঃ নং | কাজের বিবরণ | | যে অফিস থেকে ফরম উত্তোলন ও জমা দিতে হবে তার নামসহ ঠিকানা |
|---|---|---|---|
| ১. | কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার্থীদের আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র মাদ্রাসার অধ্যক্ষ নিজে অথবা তার প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের মাধ্যমে পার্শ্বে বর্ণিত অফিস থেকে সংগ্রহ করার তারিখ। (ভারপ্রাপ্ত অধ্যক্ষের বেলায় **গভর্নিং বডি/এডহক কমিটির সিদ্ধান্তের কপি অথবা ফরম সংগ্রহের আবেদনে গভর্নিং বডির সভাপতি অথবা জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক-এর প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে**। অন্যথায় ফরম সরবরাহ করা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে সম্ভব হবে না।) | ০২-০৯-২০১২ হতে ০৫-০৯-২০১২ পর্যন্ত | চট্টগ্রাম, সিলেট ও ঢাকা (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর ব্যতীত অন্যান্য জেলা) বিভাগের ফরম ঢাকাস্থ ইসলামী বিশ্ববিদ্যালয় মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত লিয়াজোঁ অফিস হতে (বাড়ি নং ৩, রোড নং ৫, কল্যাণপুর, ঢাকা) এবং রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর জেলা-ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়াস্থ অফিস হতে উল্লেখিত তারিখের মধ্যে ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। |
| ২. | বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ | ১৯-০৯-২০১২ | |
| ৩. | বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষার ফি ও আনুষাঙ্গিক ফি জমার রশিদ, আবেদন ফরম এবং আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার তারিখ | ২৩-০৯-২০১২ হতে ২৪-০৯-২০১২ | |
| ৪. | বিলম্ব ফি-সহ সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ | ২৭-০৯-২০১২ | |
| ৫. | বিলম্ব ফি-সহ আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ | ৩০-০৯-২০১২ | |

**বিঃ দ্রষ্টব্যঃ ইসলামী বিশ্ববিদ্যালয় ও লিয়াজোঁ অফিস হতে আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র সংগ্রহপূর্বক একইভাবে টাকা জমার রশিদসহ আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।**

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০১২/৮৬৩ তারিখঃ ০১-০৮-২০১২ইং

### সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর আওতাধীন ২০১০-২০১১ শিক্ষাবর্ষে ১ম পর্বে ভর্তিকৃতদের কামিল স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষা-২০১১ এবং ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ১ম পর্বে ভর্তিকৃতদের ২য় পর্ব পরীক্ষা ২০১০ ও ২০১১ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবে।

**কামিল স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষা-২০১১ (শিক্ষাবর্ষ ২০১০-২০১১) এবং ২য় পর্ব পরীক্ষা-২০১০ ও ২০১১ (শিক্ষাবর্ষ ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০)-এর সময়সূচিঃ**

| তারিখ | দিন | বিষয়, পত্র ও সময় (সকাল ১০টা হতে ২টা পর্যন্ত) | পত্র | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১১-১১-২০১২ | রবিবার | হাদিস-(সুনান আবি দাউদ ও মুসতালাহুল হাদীস) | ১ম পত্র | ৫০১ |
| | | তাফসীর-(উলূমুত তাফসীরুল কুরআন) | ১ম পত্র | ৫১১ |
| | | ফিকহ্-(আল ফিকহ আল-ইসলামী ১ম পার্ট) | ১ম পত্র | ৫২১ |
| | | আদব-(আন-আনছারুল কাদীম আল-আরবী) | ১ম পত্র | ৫৩১ |
| ১৪-১১-২০১২ | বুধবার | হাদিস (সহীহ আল-বুখারী ১ম পার্ট) | ১ম পত্র | ৬০১ |
| | | তাফসীর-(তাফসীর আল-কাশশাফ) | ১ম পত্র | ৬১১ |
| | | ফিকহ্-(আল-ফিকহ আল-ইসলামী-২য় পার্ট) | ১ম পত্র | ৬২১ |
| | | আদব-(আন-আনছারুল হাদীস আল-আরবী) | ১ম পত্র | ৬৩১ |
| ১৮-১১-২০১২ | রবিবার | হাদিস-(জামি তিরমিযী) | ২য় পত্র | ৫০২ |
| | | তাফসীর-(তাফসীর ইবন কাছীর) | ২য় পত্র | ৫১২ |
| | | ফিকহ্-(উসূলুল ফিকহ-১ম পার্ট) | ২য় পত্র | ৫২২ |
| | | আদব-(আন-নাযমুল কাদীম আল-আরবী) | ২য় পত্র | ৫৩২ |
| ২১-১১-২০১২ | বুধবার | হাদিস-(সহীহ আল-বুখারী ২য় পার্ট) | ২য় পত্র | ৬০২ |
| | | তাফসীর-(তাফসীর আল-বায়দাবী) | ২য় পত্র | ৬১২ |
| | | ফিকহ্-(উসূলুল ফিকহ-২য় পার্ট) | ২য় পত্র | ৬২২ |
| | | আদব-(আন-নাযমুল আর-আরবী) | ২য় পত্র | ৬৩২ |
| ২৬-১১-২০১২ | সোমবার | হাদিস-(সুনান ইবন মাজাহ ও শরহ মাআনিল আছার) | ৩য় পত্র | ৫০৩ |
| | | তাফসীর-(সাফওয়াতুত তাফাসীর) | ৩য় পত্র | ৫১৩ |
| | | ফিকহ্-(তারীখুল ইলমিল ফিকহ আরবী) | ৩য় পত্র | ৫২৩ |
| | | আদব-(তারীখুল আদাবিল আরবী) | ৩য় পত্র | ৫৩৩ |
| ২৮-১১-২০১২ | বুধবার | হাদিস-(সহীহ মুসলিম) | ৩য় পত্র | ৬০৩ |
| | | তাফসীর-(তারীখুত তাফসীর) | ৩য় পত্র | ৬১৩ |
| | | ফিকহ্-(তাবাকাতুল ফুকাহা) | ৩য় পত্র | ৬২৩ |
| | | আদব-(আন নকদুল আরবী ওয়া ফিকহুল লুগাহ | ৩য় পত্র | ৬৩৩ |
| ০২-১২-২০১২ | রবিবার | হাদিস-(তারীখুল ইসলাম ও তারীখু ইলমি হাদীস) | ৪র্থ পত্র | ৫০৪ |
| | | তাফসীর-(আত-তাফসীর ওয়াল মুফাসসীরুন) | ৪র্থ পত্র | ৫১৪ |
| | | ফিকহ্-(আল-কাওয়াইদুল ফিকহিয়্যাহ) | ৪র্থ পত্র | ৫২৪ |
| | | আদব-(আল-বালাগাত আল-উরূজ ওয়াল কাফিয়া) | ৪র্থ পত্র | ৫৩৪ |
| ০৬-১২-২০১২ | বৃহস্পতিবার | হাদিস-(সুনান আন-নাসা'ঈ ও উলূমুল হাদীস) | ৪র্থ পত্র | ৬০৪ |
| | | তাফসীর-(আসবাবু নুযূলিল কুরআন) | ৪র্থ পত্র | ৬১৪ |
| | | ফিকহ্-(ফিকহুল ইকতিসাদ) | ৪র্থ পত্র | ৬২৪ |
| | | আদব-(তারীখুল আদাবিল আরবী আল-হাদীস) | ৪র্থ পত্র | ৬৩৪ |

**বিশেষ নির্দেশাবলী ঃ**

১. প্রশ্নপত্রে উল্লেখিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
২. পরীক্ষার্থীরা তাদের প্রবেশপত্র পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করবে।
৩. প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোডসহ যাবতীয় বিষয় যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করতে হবে। কোন অবস্থাতেই মার্জিন কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৪. ব্যবহারিক সম্বলিত বিষয়ে তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পৃথক পৃথকভাবে পাস করতে হবে।
৫. ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
৬. প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না এবং কোন পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।
৮. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে।
৯. ০৬-১২-২০১২ তারিখ রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগ ও ১০.১২.২০১২ইং তারিখ বরিশাল, ঢাকা, সিলেট ও চট্টগ্রাম বিভাগের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে (তবে কেন্দ্রভিত্তিক তারিখ পরবর্তীতে জানানো হবে)।

**পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)**
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

জিডি-৩২৩২